

ফল পায়নি বাগমারার ৬০ পরীক্ষার্থী

স্টাফ রিপোর্টার, রাজশাহী ৪
এসএসসি ও সমমানের ফল
প্রকাশের ১৭ দিনেও কারিগরি
বোর্ডের অধীন রাজশাহীর
বাগমারার ডোকেশনাল শাখার
ড্রেস মেকিং এ্যান্ড টেইলারিং
ট্রেডের ৬০ পরীক্ষার্থী ফল পায়নি।
ফলে ওই ট্রেডের পরীক্ষার্থীদের
পাড়া পুনর্নির্মাণের আবেদন ও
কলেজে ভর্তি নিয়ে অনিশ্চয়তা
দেখা দিয়েছে। পরীক্ষার্থীরা এজন্য
কেন্দ্রের দায়িত্ব পালনকারী
কর্মকর্তাদের কর্তব্যে অবহেলাকে
দায়ী করেছে।

গত ৩০ মে দেশে একযোগে
এসএসসি ও সমমানের পরীক্ষার
ফল প্রকাশ হয়। উপজেলার
মাধ্যমিক পর্যায়ের পরীক্ষার্থীরা ফল
পেলেও ভবানীগঞ্জ পরীক্ষাকেন্দ্রের

ডোকেশনাল শাখার ড্রেস মেকিং
এ্যান্ড টেইলারিং ট্রেডের
পরীক্ষার্থীরা তা পায়নি। পরীক্ষার্থী
ও অভিভাবকরা এ বিষয়ে সংশ্লিষ্ট
শিক্ষাপ্রতিষ্ঠানে যোগাযোগ করেও
কিছু জানতে পারছেন না। ফলে

কারিগরি শিক্ষা বোর্ড ॥ ভর্তি অনিশ্চিত

একাদশে ভর্তি নিয়ে অনিশ্চয়তা
দেখা দিয়েছে। প্রতিষ্ঠানগুলো
হলো, বাগমারা টেকনিক্যাল
ডোকেশনাল স্কুল, বড়বিহানালী
ডোকেশনাল স্কুল, বড়বিহানালী

বালিকা বিদ্যালয়ের সংযুক্ত
ডোকেশনাল শাখা, সাকোয়া উচ্চ
বিদ্যালয়, আদর্শ কারিগরি স্কুল
এ্যান্ড কলেজ, কাতিলা সবুজ সংঘ
আদর্শ স্কুল এ্যান্ড কলেজ,
ভবানীগঞ্জ কারিগরি কলেজ ও
কামারবাড়ি বালিকা উচ্চ বিদ্যালয়।
ভবানীগঞ্জ কারিগরি কলেজের
অধ্যক্ষ আতাউর রহমান বলেন,
তিনি এ বিষয়ে কারিগরি শিক্ষা
বোর্ডে যোগাযোগ করেছেন।
বোর্ডের দায়িত্বশীল কর্মকর্তারা
কিছু তথ্য চেয়েছিলেন তা দেয়া
হয়েছে। আগামী এক মাসের মধ্যে
ফল আসবে বলে তাকে জানানো
হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা
কর্মকর্তা এসএম মাহমুদ হাসান
বলেন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে এ
বিষয়ে কিছুই জানান হয়নি।